

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩৬(আগরতলা ১০৫)

কুমারঘাট, ৯ মে, ২০২৪

কুমারঘাট মহকুমায় রবীন্দ্র জন্মজয়ন্তী

কুমারঘাট মহকুমায় গতকাল যথাযোগ্য মর্যাদায় রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপিত হয়। মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে ফটিকরায় বাজারে আয়োজন করা হয় প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠান। সন্ধ্যায় ফটিকরায়ের নজরঞ্জল কলাকেন্দ্রে আয়োজিত রবীন্দ্র সাংস্কৃতিক অনুষ্ঠানে স্থানীয় শিল্পীদের অংশগ্রহণে সমবেত আবৃত্তি, সঙ্গীত, নৃত্যের পাশাপাশি আগরতলার বিশিষ্ট রবীন্দ্র সঙ্গীত শিল্পী মৌরিতা রায় ও কৈলাসহরের বিশিষ্ট রবীন্দ্র সঙ্গীত শিল্পী বৈশালী দাস সঙ্গীত পরিবেশন করেন। মহকুমার বিদ্যালয়গুলোতেও মর্যাদা সহকারে উদযাপিত হয়েছে রবীন্দ্র জয়ন্তী। রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে এদিন এক প্রভাতফেরী বিভিন্ন পথ পরিক্রমা করে।

ফটিকরায় বাজারে আয়োজিত কবি প্রণাম অনুষ্ঠানে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান আহ্বেদকর মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. সুব্রত শর্মা, ডিসিএম শুভক্ষেত্র সেন, বরিষ্ঠ তথ্য আধিকারিক শুভাশীষ সেনগুপ্ত, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ভাস্কর গুহ, সত্যব্রত পাল, ব্রজগোপাল সিনহা প্রমুখ। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ড. সুব্রত শর্মা রবীন্দ্রনাথ ঠাকুরের সাথে ত্রিপুরার সম্পর্ক নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সন্ধ্যায় নজরঞ্জল কলাকেন্দ্রে সাংস্কৃতিক অনুষ্ঠানেরও উদ্বোধন করেন ড. সুব্রত শর্মা। উপস্থিত ছিলেন ডিসিএম গোবিন্দ সরকার।
